বাংলাদেশ রেলওয়ে
পশ্চিমাঞ্চল/রাজশাহী
নিয়োগ বিজ্ঞপ্তি

নিয়োগ বিজ্ঞপ্তি নং-এসটি/৬০১/৫(নিয়োগ)/প্রকল্প/সিই(পঃ)/২০১৬(ডব্লিউ) তারিখ : ১৫-১০-২০১৬খ্রিঃ।

রেলপথ মন্ত্রণালয়, উন্নয়ন-২ শাখার পত্র নং-৫৪.০০.০০০০.০১৪.০১৪.৬৫.২০১৫-২৫২ তারিখ: ২৪-০৭-২০১৬ এবং মহাপরিচালকের কার্যালয় বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকার পৃষ্ঠাংকন পত্র নং-৫৪.০১.২৬০০.০০৪.১৫.০০৬.১৬-৩০০ তারিখ: ২৮-০৭-২০১৬ মোতাবেক রেলপথ মন্ত্রণালয়ের অধীন "বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের বিপরীতে নিয়োগের তারিখ হতে ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত মেয়াদে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী সকল জেলার নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, উক্ত পদসমূহের যাবতীয় ব্যয়ভার ২০১৬-১৭ অর্থবছরের মঞ্জুরী নং-৪৬, রেলপথ মন্ত্রণালয়ের কোড নং-৫১, বাংলাদেশ রেলওয়ের কোড নং-৫১৩১, "বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কোড নং-৫০০২ এ বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড	মোট সাকুল্য বেতন	৯-১১-১৬ইং তারিখে বয়স	শিক্ষাগতযোগ্যতা
১।	গেইট কিপার	৮৫১টি	গ্রেড-২০	পশ্চিমাঞ্চল রেলওয়ের আওতাধীন রাজশাহী ও খুলনা মেট্রোপলিটন এলাকা-১৪,৯৫০/- টাকা এবং অন্যান্য স্থানের জন্য ১৪,৪৫০/- টাকা।	১৮-৩০ বৎসর	এসএসসি/সমমান পাস

শর্তাবলী ঃ

১। চুক্তিভিত্তিক নিয়োজিত জনবলের সাকুল্যে বেতন ও অন্যান্য সুবিধা অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৫৩.০১৫.০৭.০০.০২.২০০৭-২৮ তারিখ ২৭-০১-২০১৬ইং এর পরিপত্র অনুযায়ী নির্ধারিত হয়েছে। এ বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক পরবর্তীতে অন্য কোন পরিপত্র জারী হলে তা অনুসরণ করা হবে।

২। এ সকল অস্থায়ী কর্মচারীগণ "বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলে লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের বিপরীতে গেইটসমূহে পদায়িত হবেন।

৩। আবেদন ফরম, লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ রেলওয়ের ওয়েব সাইট www.railway.gov.bd এ পাওয়া যাবে। উক্ত ওয়েব সাইট হতে আবেদন ফরম এ/৪ সাইজের কাগজে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

৪। সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনপত্র ও প্রবেশপত্রের নির্ধারিত স্থানে পেস্ট করে লাগাতে হবে।

৫। ক) প্রার্থী বাছাইকালে সরাসরি নিয়োগের বিদ্যমান বিধি বিধান অনুসরণ করা হবে।
খ) নিয়োগের ক্ষেত্রে সরকার নির্দেশিত কোটা অনুসরণ করা হবে।

৬। পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা কোড-১-৫১৩১-০০০০-২০৩১ তে জমাদানের ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। মৌখিক পরীক্ষার পূর্ণমান-৫০। ৫০% নম্বর পাস নম্বর হিসাবে বিবেচিত হবে।

৮। পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীগণকে কোন প্রকার দৈনিক ভাতা অথবা যাতায়াত ভাতা দেয়া হবে না।

৯। আবেদনপত্র প্রেরণকালে খামের বাম দিকের উপরের অংশে পদের নাম ও প্রার্থীর জেলার নাম স্পষ্টভাবে লিখতে হবে। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য রেলওয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

১০। মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিম/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১১। সরকারী সংস্থা/আধাসরকারী সংস্থায় চাকরিরত প্রার্থীর দরখাস্ত সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করতে হবে।

১২। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে বিবেচিত হবে। আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।

১৩। আবেদনপত্র আগামী ৯-১১-২০১৬ইং অফিস চলাকালীন সময়ের মধ্যে "চীফ পার্সোনেল অফিসার/পশ্চিম" বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী এর দপ্তরে পৌছাতে হবে।

১৪। পরীক্ষা রাজশাহী ও চট্টগ্রাম কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

১৫। বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম বাতিল বা পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। এ অস্থায়ী নিয়োগ উক্ত প্রকল্পের মেয়াদকাল পর্যন্ত বলবৎ থাকবে। প্রকল্পে নিয়োজিত গেইট কিপারদের চাকুরী সংক্রান্ত সরকারী অন্যকোন সিদ্ধান্ত না হলে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির পর তাদের চাকুরী আপনা-আপনি অবসান হয়েছে মর্মে গণ্য হবে। উক্ত চাকুরীর ধারাবাহিকতায় তাদের রাজস্ব খাতে চাকুরী স্থায়ীকরণের দাবী গ্রহণযোগ্য হবে না।

১৮। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদের (যেমন-শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডি কার্ড, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, রেলওয়ে পোষ্য অবর্তমানে নির্ভরশীল ভ্রাতা-ভগ্নী, এতিমখানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ভিডিপি, বিশেষ যোগ্যতা ইত্যাদির সনদ সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) মূল কপি দেখাতে হবে এবং সকল সনদের ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হেব। পোষ্য সনদের ক্ষেত্রে স্থায়ী পদে কর্মকর্তা/কর্মচারীর চাকুরিকাল ন্যূনতম ১৫ বছর হতে হবে এবং অন্য কোন পোষ্য রেলওয়েতে কর্মরত থাকলে তার পূর্ণাঙ্গ বিবরণ সংযুক্ত করতে হবে।

১৯। ৫ (পাঁচ) টাকার ডাক টিকেটসহ আবেদনকারীর ঠিকানা লেখা দুইটি খাম আবেদনের সাথে দাখিল করতে হবে।

স্বাক্ষরিত/
(সাবাহ উদ্দিন আহমেদ)
চীফ পার্সোনেল অফিসার/পশ্চিম
বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।

আরপিআরডি নং-৪৩০০ তারিখ-১৫/১০/১৬

জিসি-৩০৮৭/১০/১৬(৯৫X৩)